# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৮৩

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যেই কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই কথা বলেছিলেন, তার বিবরণ

## ذِكْرُ السَّبَبِ الَّذِي مِنْ أَجْلِهِ قَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذَا الْقَوْلَ

আরবী

3283 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا وَكِيعٌ عَنْ شُعْبَةَ عَنْ مُحَمَّدِ بْنِ زِيَادٍ عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُتِيَ بتمرٍ مِنْ تَمْرِ الصَّدَقَةِ فَتَنَاوَلَ الْحَسَنُ بْنُ عَلِيٍّ تَمْرَةً فَلَاكَهَا فِي فِيهِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (كِخْ كِخْ إِنَّا لا تحلُّ لنا الصدقة)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3283 | خلاصة حكم المحدث: صحيح: ق.

বাংলা

৩২৮৩. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে সাদাকার খেজুর আনা হয়। অতঃপর হাসান বিন আলী রাদ্বিয়াল্লাহু আনহুমা সেখান থেকে একটি খেজুর নিয়ে মুখে দেন। তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “ফেলো, ফেলো। নিশ্চয়ই আমাদের জন্য সাদাকার মাল ভক্ষন করা বৈধ নয়।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/২১৪; সহীহ মুসলিম: ১০৬৯; মুসনাদ আহমাদ: ২/৪৪৪; তাহাবী: ২/৯; বাগাবী: ১৬০৫; আত তায়ালিসী: ২৪৮২; দারেমী: ১/৩৮৬-৩৮৭; সহীহুল বুখারী: ১৪৯১; সুনান বাইহাকী: ৭/২৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৯৪০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা

নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩২৮৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92614

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন